

সমকাল

ছাত্র রাজনীতি নিষিদ্ধ হলে মৌলবাদের উত্থান ঘটবে: মেনন

১১ অক্টোবর ২০১৯ | Updated ১১ অক্টোবর ২০১৯

চট্টগ্রাম ব্যুরো



ফাইল ছবি

ছাত্র রাজনীতি নিষিদ্ধ হলে দেশে মৌলবাদের উত্থান ঘটবে বলে মন্তব্য করেছেন বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির সভাপতি রাশেদ খান মেনন। শুক্রবার বিকেলে ওয়ার্কার্স পার্টি চট্টগ্রাম জেলার ১৩তম সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। নগরীর আন্দরকিল্লায় যাত্রা মোহন (জেএম) সেন হলে এ সম্মেলন হয়।

অনুষ্ঠানে মেনন বলেন, শিক্ষাপ্রতিষ্ঠানে হত্যা-খুনের রাজনীতি চলছে। এটা বন্ধ করতে হবে। কিন্তু তার অর্থ নয় যে, ছাত্র রাজনীতি বন্ধ করে দিতে হবে। আমরা ছাত্র রাজনীতির প্রোডাক্ট। আমি ছাত্র রাজনীতি করেছি। তোফায়েল আহমেদ, আমির হোসেন আমু ছাত্র রাজনীতি করেছেন। শেখ হাসিনা ছাত্র রাজনীতি করেই প্রধানমন্ত্রী হয়েছেন। কিন্তু আজ মাথাব্যথার জন্য মাথাই কেটে ফেলার দাবি উঠছে। আমরা এটা মানতে রাজি নই।